



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১

বিআরপিডি-১ সার্কুলার লেটার নং-০৬

২২ ফেব্রুয়ারি ২০২৬
তারিখ: -----
০৯ ফাল্গুন ১৪৩২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

শতভাগ বৈদেশিক মুদ্রা অর্জনকারী কাঁচাপাট রপ্তানিকারকগণের বিরাজমান সমস্যা সমাধান প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং-২৭, তারিখ: ০৭ জুলাই ২০২২ এর সাথে সংযুক্ত আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২৯ জুন ২০২২ তারিখের স্মারক নং-৫৩.০০.০০০০.৩৩১.৩৮.০০৫.২১.১৬৯ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-২১; তারিখ: ১৩ অক্টোবর ২০২৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- কাঁচাপাট রপ্তানিকারকগণের বিরাজমান সমস্যাসমূহ সমাধানের লক্ষ্যে জারিকৃত উল্লিখিত স্মারক এবং সার্কুলার লেটারের আওতায় ঋণ/বিনিয়োগ হিসাব পুনঃতফসিলিকরণের লক্ষ্যে গ্রাহকের ৩১ ডিসেম্বর ২০২৪ তারিখ ভিত্তিক বিদ্যমান ঋণ স্থিতির ২% ডাউন পেমেন্ট জমাদানপূর্বক গ্রাহক কর্তৃক সংশ্লিষ্ট ব্যাংকের নিকট আবেদন দাখিলের সময়সীমা ৩১ ডিসেম্বর ২০২৫ পর্যন্ত নির্ধারিত ছিল। কিন্তু কাঁচাপাট রপ্তানিজনিত জটিলতার কারণে এ খাতের গ্রাহকগণ অদ্যাবধি সার্কুলার লেটারে বর্ণিত সুবিধা গ্রহণের লক্ষ্যে ডাউন পেমেন্ট প্রদান ও অন্যান্য শর্তাদি পূরণ করে সংশ্লিষ্ট ব্যাংক বরাবর আবেদন দাখিলে সমর্থ হননি মর্মে জানা যায়।
- এমতাবস্থায়, কাঁচাপাট রপ্তানিকারকগণ কর্তৃক ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখ ভিত্তিক শ্রেণিকৃত ঋণ স্থিতির ২% ডাউন পেমেন্ট জমাদানপূর্বক পুনঃতফসিল সুবিধা গ্রহণের জন্য ব্যাংকের নিকট আবেদন দাখিলের সময়সীমা ৩০ জুন ২০২৬ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো। এতদ্ব্যতীত, উল্লিখিত সার্কুলার লেটারে বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।
- ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ বায়েজীদ সরকার)
পরিচালক (বিআরপিডি)
ফোন: ৯৫৩০২৫২